গাংনীতে দাঁড়িয়ে থাকা ট্রাকে মাইক্রোবাসের ধাক্কা, নিহত ৩

মেহেরপুর-কুস্টিয়া সড়কের শুকুরকান্দি নামক স্থানে দাঁড়িয়ে থাকা ট্রাকের পেছনে মাইক্রোবাসের ধাক্কায় চালকসহ তিনজন নিহত হয়েছেন। আহত হয়েছে মাইক্রোবাসের অপর তিন যাত্রী।

নিহতরা হলেন, মাইক্রোবাসের চালক গাংনী উপজেলার পশ্চিমমালশাদহ গ্রামের মোজাম্মেল হকের ছেলে জামাল উদ্দিন (৫৫), গাঁড়াডোব গ্রামের গোলাম কিবরিয়ার ছেলে শাহিনুজ্জামান (৪৫) ও সদর উপজেলার নজরুল ইসলামের স্ত্রী আক্তার বানু (৪৫)। আহত হয়েছেন গোলাপি খাতুন, ফজিলা খাতুন ও আলফাতুন নেছা নামের আরো তিন নারী।

মঙ্গলবার দিবাগত রাত ১২ টার দিকে মেহেরপুর-কুস্টিয়া সড়কের গাংনী উপজেলার শুকুরকান্দি গ্রামের কাছে একটি দাঁড়িয়ে থাকা ট্রাকের সাথে ধাক্কা লেগে মাইক্রোবাসে থাকা সবাই আহত হন। পরে তাদের উদ্ধার করে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেয়ার সময় আক্তার বানু মারা যান। পরে চিকিৎসাধীন অবস্থায় ভোররাতের দিকে চালক জামাল উদ্দিন ও শাহিন মারা যান।

গাংনী থানার ওসি বানী ইসরাইল জানান, গাঁড়াডোব ও শ্যামপুরের ওই হতাহতরা মাইক্রোবাসে করে চিকিৎসার জন্য রাত ১২ টার দিকে কুষ্টিয়া যাচ্ছিলেন। গাংনী উপজেলার শুকুরকান্দি নামক ওই স্থানে একটি দাঁড়িয়ে থাকা ট্রাককে পেছন থেকে ধাক্কা দেয় মাইক্রোবাস। এতে এই হতাহতের ঘটনা ঘটে।

তিনি আরও জানান, চালক জামাল উদ্দিন মাইক্রোবসটির মালিক। নিহতদের মরদেহ কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল মর্গে রয়েছে বলে জানান ওসি বানী ইসরাইল।

পিরোজপুর ইউনিয়নের ৮ ও ৯ নং ওয়ার্ড বিএনপি’র কর্মী সম্মেলন

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের ৮ ও ৯ নং ওয়ার্ড বিএনপি’র কর্মী সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকাল পাঁচটার সময় সদর উপজেলার পিরোজপুর ইউনিয়ন বিএনপির আয়োজনে বলিয়ারপুর হাট প্রাঙ্গণে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

কর্মী সম্মেলনে মেহেরপুর জেলা বিএনপির সদস্য আলমগীর খান ছাতুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব এডভোকেট কামরুল হাসান

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ

কর্মী সম্মেলনে সাবেক ছাত্রনেতা হাসানুজ্জামান বিট্টুর সঞ্চালনায় এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সদস্য হাফিজুর রহমান হাফি, ওমর ফারুক লিটন ।

এছাড়া আরোও উপস্থিত ছিলেন সদর উপজেলা যুবদলের আহ্বায়ক লিয়াকত আলী, বিএনপি নেতা সৌরভ হোসেন, সাবেক ছাত্রনেতা অ্যাডভোকেট মাহমুদুল হাসান মিলন, আমঝুপি ইউপি সদস্য হাফিজুর রহমান হাফিজ, পিরোজপুর ইউনিয়ন বিএনপি নেতা মিন্টু, আবুল খয়ের, সিরাজ মল্লিক, আবুল হোসেন, রাজু মিয়া, মুন্তাজ আলী, সদর উপজেলা ছাত্রদলের যুগ্ন আহবায়ক নাজির আহমেদ সহ পিরোজপুর ইউনিয়ন বিএনপি’র নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

পিরোজপুর ইউনিয়নের বিএনপি’র কর্মী সম্মেলনে ৮ নং ওয়ার্ডের সভাপতি রাজু মিয়া রাজা, সাধারণ সম্পাদক আবুল হোসেন, ৯নং ওয়ার্ডের সভাপতি সিরাজুল ইসলাম, সাধারণ সম্পাদক ডাবলু নির্বাচিত হন।

মেহেরপুরে গণপূর্ত বিভাগের কর্মচারীদের অবস্থান কর্মসূচি

নবম পে-স্কেল ঘোষণা এবং ৭ দফা দাবি বাস্তবায়নের লক্ষ্যে মেহেরপুরে শান্তিপূর্ণ অবস্থান কর্মসূচি পালন করেছেন গণপূর্ত বিভাগের কর্মচারীরা।

মঙ্গলবার (৬ মে) সকাল ১০টায় বাংলাদেশ সরকারি কর্মচারি দাবি আদায় ঐক্য পরিষদের ব্যানারে এ কর্মসূচির আয়োজন করা হয়।

কর্মসূচিতে বক্তারা বলেন, “বর্তমান দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির প্রেক্ষাপটে সরকারি কর্মচারীদের জীবনযাত্রা চরমভাবে ব্যাহত হচ্ছে। তাই অবিলম্বে বৈষম্যহীন নবম পে-স্কেল ঘোষণা এবং অন্তর্বর্তীকালীন সময়ের জন্য ৫০ শতাংশ মহার্ঘ ভাতা প্রদান জরুরি।”

তারা আরও দাবি জানান, টাইম স্কেল ও সিলেকশন গ্রেড পুনর্বহাল, সচিবালয়ের অনুরূপ পদ-পদবি ও এক ও অভিন্ন নিয়োগবিধি বাস্তবায়ন, এবং রেশনিং ব্যবস্থা চালুর।

বক্তারা বলেন, “দীর্ঘদিন ধরে আমাদের যৌক্তিক দাবি উপেক্ষিত হয়ে আসছে। আমরা চাই, সরকার দ্রুত এসব দাবি মেনে নিক। অন্যথায় আমরা কঠোর কর্মসূচি দিতে বাধ্য হব।”

গাংনীতে পৃথক সড়ক দুর্ঘটনায় দুই ছাত্র নিহত, আহত ২

মেহেরপুরের গাংনী উপজেলায় পৃথক দুটি সড়ক দুর্ঘটনায় মাদ্রাসা ছাত্র মুনতাছির জামান (১২) ও কলেজ ছাত্র তারিক হোসেন (২৬) নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরও দুইজন।

মঙ্গলবার দুপুরে গাংনীর তেরাইল ও কামারখালি এলাকায় এ দুর্ঘটনা

দুটি ঘটে।

নিহত মাদ্রাসা ছাত্র মুনতাছির জামান গাংনী উপজেলার সিন্দুরকৌটা গ্রামের ইসমাইল হোসেনের ছেলে এবং ছাতিয়ানবাওট হাফিজিয়া মাদ্রাসার ছাত্র। নিহত তারিক হোসেন একই উপজেলার কাজিপুর গ্রামের আলী হোসেনের ছেলে ও কাজিপুর কলেজের ছাত্র।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল দুর্ঘটনার বিষয়টি নিশ্চিত করেছেন।

স্থানীয়দের বরাতে তিনি জানান, কামারখালি গ্রামের একটি ব্রিজের কাছে ইটবোঝাই লাটাহাম্বারের ধাক্কায় গুরুতর আহত হন মুনতাছির জামান। তাকে উদ্ধার করে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়।

অপরদিকে, বেলা আড়াইটার দিকে গাংনীর তেরাইল এলাকায় মেহেরপুর-কুষ্টিয়া সড়কে মুখোমুখি দুটি মোটরসাইকেলের সংঘর্ষে কলেজ ছাত্র তারিক হোসেন, সোহাগ হোসেন (২৪) ও পল্লী উন্নয়ন ব্যাংকের গাংনী শাখার মাঠকর্মী আমজাদ হোসেন (৩৮) আহত হন।

প্রত্যক্ষদর্শীদের বরাতে ওসি জানান, তেরাইল ব্রিজের কাছে বিপরীত দিক থেকে আসা দুটি মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে তারা আহত হন। স্থানীয়রা তাদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। পরে তারিক ও সোহাগের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় তারিক হোসেন মারা যান।

মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থা নিয়ে হতাশার সূর কমিটির সদস্যর

মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থা নিয়ে হতাশা প্রকাশ করেছেন ক্রীড়াবিদ ও জেলা ক্রীয়া সংস্থার অ্যাডহক কমিটির সদস্য এ এস লিটন।

[illegible]


As Liton is with Rased Zaman and 31 others.
1dm · 🌍

মেহেরপুরে একটি বিশাল সংস্থা রয়েছে। যেটির নাম মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থা। মেহেরপুর জেলার সব গ্রামের খেলাধুলার নিয়ন্ত্রক এই জেলাক্রীড়া সংস্থাটিসহ যে সরকার ক্ষমতায় আসে - সেই দলের আশুখরাটি আরাই এটি পরিচালিত হয়। বিগত দিনে আমরা এমনটিই দেখে এসেছি। জেলা ক্রীড়া সংস্থাটির কার্যক্রম নিয়ে জেলার সাধারণ মানুষের কখনো কোনো মাথাব্যথা দেখেনি। কিন্তু মানুষের মাথাব্যথা দেখা দিলেও ক্ষমতাসীনদের সাস্পটে চুপ থাকতে বাধ্য হয়েছে। মেহেরপুরের ক্রীড়াজনমের বিভিন্ন মানুষ ও খেলাবাড় গণ আবেদন সুর খোলার চেষ্টা করেও ব্যর্থ হয়েছে। একটি বৃহৎ অপশক্তি এটিকে ভোগ দখল করেছে আবহার। তিনের ও অভ্যন্তরীণ বিষয়গুলো তৈরিছিল সব সময় ধোঁয়াশা যেতেআরিতের ভরপুর। বর্তমান সময়টি নিরপেক্ষ সরকারের অধীনে চলছে এরকটি আন্দোলন বাহিক চোখে দেখা যায়। আমি জেলা ক্রীড়া সংস্থার অযোগ্য একজন আজীবক কমিটির সাধারণ সদস্য। এই নিরপেক্ষতাকে কাজে লাগিয়ে ভেবেছিলাম মেহেরপুরে ক্রীড়াজনকে মন্থর গতি থেকে বের করে নিয়ে আসা যায় কিনা। কারণে সে আশার গুড়ে বালি পরে চলেছে। সেই আশেকার মতই এখনো কোন এক অদৃশ্য শক্তি দ্বারাই পরিচালিত হচ্ছে এই সংস্থাটি। এই সংস্থাটির মধ্যে কি আছে জানিনা -তিনরে আছিরে এটিকে নিয়ে ভড়াশয় চলে সবসময়। এ বছরে এই সংস্থাটির মাধ্যমে প্রথম বিজয় ডিসেম্বর লিগ নিয়ে কার্যক্রম শুরু হওয়ার কথা থাকলেও বিভিন্ন দুর্নীতির অভিযোগে বিলম্বিত ও বা হওয়ার উপক্রম হয়ে পরিয়েছে। এ বিষয়টি নিয়ে আমরা অবশ্য -আমাকে মুখবিত-ও আখিত। তবে যে কয়দিন আছি চেষ্টা ও যুদ্ধ অব্যাহত থাকবে -এখনো পুরোপুরি হতাশ নয়।
নিভু নিভু আলো টিমটিমে টিকে থাকে কিনা আর কয়দিন দেখি। আলো নিভার আগেই সরে আসব উপশাখায়।
Rasu Ahmmad and 9 others 4 comments 1 share
Like Comment Share

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

নিভু নিভু আলো উজ্জ্বলতা ফিরে পায় কিনা আর কয়দিন দেখি। আলো নিভার আগেই সরে আসব ইনশাআল্লাহ।”

মেহেরপুরে ভোক্তার অভিযানে ২৫ হাজার টাকা জরিমানা

মেহেরপুরে দুটি রেস্টুরেন্ট ও এক ব্যবসায়ীকে ২৫ হাজার টাকা জরিমানা করেছে ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর। আজ সোমবার দুপুরে শহরের রেস্টুরেন্টে অভিযান পরিচালনা করে ভোক্তার অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

মেহেরপুর শহরের সেভেন সেন্স রেস্টুরেন্টে অনুমোদন বিহীন ফ্লেভার রাখার দায়ে ৫ হাজার টাকা, শর্মা ফুড প্লাজায় অনিরাপদ খাদ্য সংরক্ষণ ও কুপন প্রতারণার কারনে ১০ হাজার টাকা জরিমানা এবং বিক্রমপুর ট্রেডার্স নামের একটি ব্যবসা প্রতিষ্ঠানে অনিবন্ধিত বিভিন্ন পণ্য বিক্রির দায়ে ১০ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযান পরিচালনায় নেতৃত্ব দেন ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক মামুনুল হাসান। এ সময় আরো উপস্থিত ছিলেন নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াজ মাহমুদ, সদর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর তারিকুল ইসলামসহ পুলিশের একটি টিম।

অভিযানে প্রতিষ্ঠানগুলোর মালিককে নিরাপদ আবার তৈরীর বিষয়ে আরো সতর্ক হওয়ার পরামর্শ দেওয়া হয়। এছাড়াও বাজার সমিতির নেতৃবৃন্দকে এ বিষয়ে পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেয় অভিযান দলটি।

গাংনীর হৃদয় হত্যা মামলায় কমল চেয়ারম্যান কারাগারে

মেহেরপুরের গাংনী উপজেলার চরগোয়াল গ্রামের চাঞ্চল্যকর রিদয় হত্যা মামলার এজাহার নামীয় ১০ নম্বর আসামী ওবায়দুর রহমান কমলকে জেল হাজতে প্রেরণের নির্দেশ দিয়েছে আদালত।

সোমবার (৫ মে) দুপুরে বিজ্ঞ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট প্রথম আদালতে আত্মসমর্পণ করে জামিনের আবেদন কররলে বিজ্ঞ বিচারক মোঃ জাহিদুর রহমান তাকে জামিন নামঞ্জুর করে জেল হাজতের প্রেরণের নির্দেশ দেন।

ওবায়দুর রহমান কমল বামন্দি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক। তিনি রামনগর গ্রামের বাগু বিশ্বাস এর ছেলে।

আদালত সূত্রে জানা গেছে, মেহেরপুর জেলার গাংনী থানাধীন চরগোয়ালগ্রামে ঈদগাহের গেট ভাঙ্গাকে কেন্দ্র করে বিরোধের সৃষ্টি হয়। সেই বিরোধের সূত্র ধরে চলতি বছরের ফেব্রুয়ারী মাসের ২৬ তারিখ দুপুর ১২ টার দিকে এজাহারনামীয় আসামীগণ রিদয়কে এলোপাতাড়ি পিটিয়ে নৃশংসভাবে হত্যা করে এবং হামলায় একাধিক ব্যক্তি আহত হয়।

হত্যা ও হামলার ঘটনায় নিহতের পিতা শাহাদত হোসেন বাদী হয়ে রামনগর গ্রামের আজাদ আলীর ছেলে জান্নাতকে প্রধান আসামি করে এজাহার নামীয় ১২জন অজ্ঞাত আরো ২০ থেকে ২৫ জনকে আসামি করে গাংনী থানার একটি হত্যা মামলা দায়ের করে। যার নম্বর ২৫, তারিখঃ ২৭/০২/২০২৫ ইং ধারা-১৪৩/৩৪১/৩২৩/৩০৭/৩০২/৪২৭/৫০৬/৩৪ দঃ বিঃ

এ হত্যাকাণ্ডের ঘটনায় মেহেরপুর জেলার প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াতে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়।

ওই মামলার ১০ আসামী ওবায়দুর রহমান কমল আদালতে আত্মসমর্পণ করে জামিনের আবেদন করলে জিজ্ঞাসাবাদের জন্য রাষ্ট্রপক্ষ তাকে সাত দিনের রিমান্ড আবেদন করে। বিজ্ঞ আদালত এক দিনের রিমান্ড মঞ্জুর করে জেল গেটে জিজ্ঞাসাবাদের জন্য নির্দেশ দেন। একই সাথে আসামীর জামিন আবেদন নাকোচ করে তাকে মেহেরপুর জেল হাজতে প্রেরণের আদেশ

দেন।

রাষ্ট্রপক্ষের জেলা ও দায়রা জজ আদালতের পাবলিক প্রসিকিউটর (পিপি) ছিলেন এ এস এম সাইদুর রাজ্জাক টোটন।

উল্লেখ্য, ঘটনার দিন চলতি বছরের ফেব্রুয়ারী মাসের ২৬ তারিখ বিকেলে মামলার এজহার নামীয় প্রধান আসামী রামনগর গ্রামের আজাদ আলীর ছেলে জান্নাত ও মামলার ছয় নম্বর এজাহার নামীয় আসামী সাইদুর রহমান মিলন মেম্বারকে গ্রেফতার করে জেলহাজতে পাঠিয়েছে পুলিশ।

গাংনীতে গাঁজাসহ ব্যবসায়ী আটক, সেবনকারীর জেল

মেহেরপুরের গাংনীতে এক কেজি গাঁজাসহ জেমস প্রকাশ মন্ডল (৫৫) নামের এক মাদক ব্যবসায়ী এবং শাহির আলী (৪৫) নামের এক মাদকসেবীকে আটক করেছে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

সোমবার (৫ মে) সকাল সাড়ে ১০টার দিকে গাংনী উপজেলার জুগিন্দা গ্রামের চার্চ এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

আটক জেমস প্রকাশ মন্ডল জুগিন্দা গ্রামের অমরেন্দ্র মন্ডলের ছেলে। অপরদিকে, মাদকসেবী শাহির আলী উপজেলার ঢেপা গ্রামের মৃত আব্দুল জলিলের ছেলে।

ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে শাহির আলীকে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ৫০ টাকা অর্থদণ্ড দেওয়া হয়েছে। গাংনী উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট প্রীতম সাহা এ দণ্ডাদেশ প্রদান করেন। দুপুরেই তাকে গাংনী থানা পুলিশের মাধ্যমে জেল হাজতে পাঠানো হবে।

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিচালক মদনমোহন সাহা এ তথ্য নিশ্চিত করেন।

অধিদপ্তরের একাধিক সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে

চার্চ এলাকায় মাদকবিরোধী অভিযান চালানো হয়। এ সময় শাহির আলীকে গাঁজা সেবনের সময় হাতেনাতে আটক করা হয়। পরে তার স্বীকারোক্তির ভিত্তিতে জেমস প্রকাশ মন্ডলের বাড়িতে অভিযান চালিয়ে শয়নকক্ষে হলুদ স্কচটেপে মোড়ানো একটি পোঁটলা থেকে এক কেজি গাঁজা উদ্ধার করা হয়। উদ্ধারকৃত গাঁজার আনুমানিক বাজারমূল্য ৩০ হাজার টাকা।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তারা জানান, জেমস প্রকাশ মন্ডল দীর্ঘদিন ধরে গোপনে এলাকায় মাদক বিক্রি করে যুব সমাজকে ধ্বংসের দিকে ঠেলে দিচ্ছিলেন।

তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা দিয়ে গাংনী থানায় হস্তান্তরের প্রক্রিয়া চলছে।

মেহেরপুরে বিচার বিভাগীয় কর্মচারীদের কর্মবিরতি

স্বতন্ত্র সচিবালয় প্রতিষ্ঠা, সমান সুযোগ-সুবিধা প্রদান এবং ন্যায্য পে-স্কেল নিশ্চিতকরণসহ একাধিক দাবিতে সারাদেশের মতো মেহেরপুরেও দুই ঘণ্টার কর্মবিরতি পালন করেছেন বিচার বিভাগীয় কর্মচারীরা।

সোমবার (৫ মে) সকাল ৯টা ৩০ মিনিট থেকে সাড়ে ১১টা পর্যন্ত জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গণে বাংলাদেশ বিচার বিভাগীয় কর্মচারী অ্যাসোসিয়েশন, মেহেরপুর জেলা শাখার আয়োজনে এই কর্মসূচি পালিত হয়।

কর্মবিরতি চলাকালে বক্তারা বলেন, ২০০৭ সালের ১ নভেম্বর ‘মাসদার হোসেন’ মামলার রায়ের প্রেক্ষিতে নির্বাহী বিভাগ থেকে বিচার বিভাগ পৃথক হলেও আজও বিচার বিভাগের জন্য স্বতন্ত্র সচিবালয় প্রতিষ্ঠা করা হয়নি। ফলে বিচার বিভাগের স্বাধীনতা পূর্ণরূপে বাস্তবায়িত হয়নি।

তাদের অভিযোগ, শুধুমাত্র বিচারকদের জন্য পৃথক পে-স্কেল, বিচারিক

ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান করা হলেও সহায়ক কর্মকর্তা- কর্মচারীদের সেই সুবিধা থেকে বঞ্চিত রাখা হয়েছে। এছাড়াও, পদোন্নতির সুযোগ সীমিত হওয়ায় অনেকেই দীর্ঘদিন একই পদে থেকে অবসরে যেতে বাধ্য হচ্ছেন।

তারা আরও বলেন, বর্তমানে জেলা ও দায়রা জজ (১ম গ্রেড) জেলা পর্যায়ে সর্বোচ্চ পদমর্যাদার বিচারিক কর্মকর্তা হলেও অধস্তন কর্মচারীদের বেশিরভাগই ১৩ থেকে ২০তম গ্রেডে চাকরি করছেন। অন্যান্য দপ্তরের তুলনায় তাদের পদোন্নতির সুযোগ কম এবং ব্লক পদের সংখ্যা বেশি হওয়ায় কর্মজীবনে উন্নতির সুযোগ মেলে না।

কর্মসূচির নেতৃত্ব দেন বাংলাদেশ বিচার বিভাগীয় কর্মচারী অ্যাসোসিয়েশন, মেহেরপুর জেলা শাখার সভাপতি ও চীফ জুডিশিয়াল স্টেনোগ্রাফার শেখ মোহাম্মদ আহসানুল হক।

এসময় উপস্থিত ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক মাসুদ রানা, জাকির হোসেন, সফিকুল ইসলাম (প্রধান তুলনাকারক, চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত), অফিস সহায়ক বেদেনা বাবলী, প্রধান তুলনাকারী সহকারী আমিনুল ইসলাম এবং আব্দুল মুত্তালিবসহ অন্যান্য নেতৃবৃন্দ।

মেহেরপুরের আমঝুপিতে গ্লোবাল অ্যাকশন উইক উদযাপন

গ্লোবাল অ্যাকশন উইক ২০২৫ উদযাপন উপলক্ষে রবিবার সকাল ১০টায় আমঝুপির মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও গণসাক্ষরতা অভিযান যৌথভাবে এই সভার আয়োজন করে।

মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন সহকারী কমিশনার (শিক্ষা ও কল্যাণ শাখা) শেখ তৌহিদুল কবীর। বিশেষ অতিথি ছিলেন জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো. মনরুল ইসলাম এবং উপজেলা শিক্ষা অফিসার মো. ফারুক উদ্দিন।

আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন ওয়াচ গ্রুপের সভাপতি ইসমাইল হোসেন, হাজী আজগর আলী মাস্টার, সমাজসেবক আব্দুর রহমান এবং ইউপি সদস্য জেসমিন আরা। কী-নোট পেপার পাঠ করেন প্রোগ্রাম ম্যানেজার মোছা. কাজল রেখা।

আলোচনায় বিদ্যালয় সংকটকালে শিক্ষাকে এগিয়ে নিতে জীবনব্যাপী শিক্ষার বার্তা জোরদারকরণ, বিদ্যালয়ের সুরক্ষায় শিক্ষকদের সহায়তা ও অ্যাডভোকেসি করা এবং শিক্ষা খাতে সরাসরি শিক্ষার্থীদের শেখার কাজে অর্থ বিনিয়োগের প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব দেওয়া হয়।

সভা শুরুর আগে একটি বর্ণাঢ্য র্যালি আমঝুপির বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। অনুষ্ঠানটি উপস্থাপনা করেন মানবাধিকার কর্মী সাদ আহম্মদ।